

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.৩৮৪.১৪-৪১৭

তারিখঃ ০৪ ভাদ্র ১৪২৬
১৯ আগস্ট ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১১২১১/২০১৪ মামলায় গত ০৭.০৫.১৮ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে আপীল বিভাগে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লীড টু আপীল নং-২২৫৭/১৯ মামলায় সরকার পক্ষে যথাযথ আইনী পদক্ষেপ গ্রহণ।

সূত্র: (১) টিএমইডি'র পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৮৪.১৪-১২৫ তারিখ: ২৬.০২.১৯ খ্রি.।
(২) টিএমইডি'র পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৮৪.১৪-৩৯৯ তারিখ: ৩০.০৭.১৯ খ্রি.।
(৩) বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব আব্দুল মাবুদ মাসুম এর পত্র তারিখ: ৩০.০৭.১৯ খ্রি.।
(৪) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৯-২২৩ তারিখ: ৩১.০৭.১৯ খ্রি.।
(৫) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৯-২৩১ তারিখ: ০৫.০৮.১৯ খ্রি.।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার রাজপাড়া থানাধীন রাজশাহী দারুস সালাম কামিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: শহীদুল ইসলাম কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১১২১১/১৪ মামলায় ০৭.০৫.১৯ খ্রি. তারিখের রায় পিটিশনারের অনুকূলে হওয়ায় উক্ত রায়ের বিরুদ্ধে সিভিল পিটিশন ফর লিড টু আপীল দায়ের সংক্রান্ত প্রমাণকসহ তথ্যাদি এ বিভাগে প্রেরণের জন্য সূত্র (১) মূলে DME কর্তৃক কে অনুরোধ করা হয়

০২। তৎপ্রেক্ষিতে DME কর্তৃক আপীল দায়েরের নিমিত্ত বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব আব্দুল মাবুদ মাসুমকে DME কর্তৃক গত ০৭.০৪.১৯ খ্রি. তারিখের ১০০ সংখ্যক পত্রমূলে অনুরোধ করা হয়।

০৩। তৎপ্রেক্ষিতে DME কর্তৃক সূত্র (৪) মূলের মাধ্যমে বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব আব্দুল মাবুদ মাসুম কর্তৃক জানানো হয় যে, রিট পিটিশন নং-১১২১১/১৪ মামলায় গত ০৭.০৫.১৮ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীমকোর্টে সিভিল পিটিশন ফর লিড টু আপীল নং-২২৫৭/১৯ দায়ের করা হয়েছে।

০৪। যেহেতু বর্ণিত রিট মামলার রায়ের বিরুদ্ধে ইতোমধ্যে সিভিল পিটিশন ফর লিড টু আপীল নং-২২৫৭/১৯ দায়ের করা হয়েছে এবং যেহেতু আপীল মামলাটি বর্তমানে বিচারাধীন রয়েছে সেহেতু এ মুহর্তে রিট মামলার রায় বাস্তবায়ন করা সঠিক হবে না মর্মে স্পষ্ট হয়।

০৫। এমতাবস্থায়, সিভিল পিটিশন ফর লিড টু আপীল নং-২২৫৭/১৯ (রিট পিটিশন নং-১১২১১/১৪ হতে উদ্ধৃত) মামলায় অ্যাটর্নী জেনারেল মহোদয়ের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগক্রমে আপীল মামলার শুনানিতে সরকার পক্ষে যথাযথ আইনী পদক্ষেপ গ্রহণক্রমে গৃহীত কার্যক্রম আগামী ২৮.০৮.১৯ খ্রি. তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো। তবে অস্বাভাবিক বিলম্বতে আপিল দায়ের হওয়ায় তামাদির কারণে আপিল খারিজ হলে এটা DG, DME এর ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হবে মর্মে নির্দেশক্রমে মহোদয়কে অবহিত করা হলো।



(এ.কে.এম শহীদুল্লাহ)
উপসচিব (অডিট ও আইন)
ফোন: ৯৫৭৪০৯০

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-৩, ৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। জনাব এইচ.এম শহীদুল ইসলাম, অধ্যক্ষ, রাজশাহী দারুস সালাম কামিল মাদ্রাসা, রাজশাহী কোর্ট, বাজপাড়া, রাজশাহী।
- ৬। অফিস কপি/মাস্টার কপি।